



Community Connectors

বহুসংস্কৃতির লোকদের মাঝে যারা
প্রতিবন্ধী তাদেরকে সহায়তা করা

সঠিক সাহায্য
মানুষের জীবনকে
পরিবর্তন করে
দিতে পারে।

বহুসংস্কৃতির লোকদের মাঝে যারা প্রতিবন্ধী তাদেরকে এনডিআইএসের সাথে সংযুক্ত করা

আপনার কি কোন প্রতিবন্ধীতা আছে অথবা এমন কাউকে দেখাশুনা করতে হয় যে National Disability Insurance Scheme (এন ডি আই এস) থেকে সহায়তা পেতে পারে?

আপনাকে আপনার কমিউনিটিতে সাংস্কৃতিকভাবে উপযুক্ত সহায়তা দিয়ে এনডিআইএস এর সাথে যোগাযোগ স্থাপন করে দেওয়ার জন্যই Community Connectors প্রোগ্রামটি রয়েছে।



এনডিআইএস কী?

এনডিআইএস একটি সরকারি প্রোগ্রাম যা বিনামূল্যে প্রতিবন্ধীদের সেবা এবং সহায়তা প্রদান করে থাকে।



এনডিআইএস আমাকে কিভাবে সাহায্য করবে?

নিম্নোক্ত সহায়তা এবং সেবাগুলো অন্তর্ভুক্ত থাকতে পারে:

- আপনার দৈনন্দিন ব্যক্তিগত কর্মকাণ্ডে সহায়তা করা
- কর্মক্ষেত্রে আপনাকে সফলভাবে কর্মসংস্থান পেতে অথবা ধরে রাখতে সাহায্য করা
- আপনাকে বাড়িঘর গুছিয়ে রাখতে গৃহস্থালি কাজে সাহায্য করা
- চলাচলে সহায়তাকারী এবং / বা সরঞ্জাম কিনে দেয়া।



একজন Community Connector বলতে কি বোঝায়?

Community Connectors (কমিউনিটি সংযোগকারী) ভিন্ন ভিন্ন ভাষা ও সংস্কৃতির এবং যাদের মাতৃভাষা ইংরেজি নয় এমন লোকদের এনডিআইএস এর সুবিধাদি পেতে সহায়তা প্রদান করে।

তারা এনডিআইএস এবং আপনার মাঝে যোগাযোগকারী ব্যক্তি হিসেবে সহযোগিতা করে।

আপনার Community Connector আপনাকে সহায়তা করতে পারে:

- এনডিআইএস এর জন্য আবেদন করতে
- স্থানীয় এনডিআইএস সংশ্লিষ্ট ব্যক্তিদের সাথে সংযুক্ত হতে
- এনডিআইএস সার্ভিসগুলোকে আরও ভালভাবে বুঝতে এবং ব্যবহার করতে আপনাকে সহায়তা প্রদান করে।



আপনার স্থানীয় Community Connectors সাথে যোগাযোগ স্থাপন করা:



দোভাষীর সাথে সংযুক্ত করা

যদি এই পৃষ্ঠার কোন বিষয়বস্তু বুঝতে আপনার সাহায্যের দরকার হয়, তাহলে দয়া করে টেলিফোন ইন্টারপ্রেটর সার্ভিস (TIS) (১৩১ ৪৫০) তে কল করুন এবং উপরে প্রদত্ত আপনার স্থানীয় সার্ভিস প্রদানকারীদের সাথে যোগাযোগ করিয়ে দিতে বলুন।

National Community Connectors Program হচ্ছে NDIS, Federation of Ethnic Communities' Councils, এবং National Ethnic Disability Alliance এর মাঝে একটি সহযোগিতা। National Disability Insurance Agency এর অর্থায়নে এটি পরিচালিত হয়।

দেখুন: fecca.org.au অথবা neda.org.au